

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস)
প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ১১৪-আইন/২০২৩/১৫৮/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে ১৪ মার্চ, ২০১৭ খ্রিষ্টাব্দ মোতাবেক ৩০ ফাল্গুন, ১৪২৩ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও, নং ৫৬-আইন/ ২০১৭/ কাস্টমস এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের শর্ত (৪) এর পরিবর্তে নিম্নবর্ণিত শর্ত (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৪) আমদানিকৃত যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয় যথাযথভাবে যথাস্থানে স্থাপিত বা ব্যবহৃত হইয়াছে কি না সেই বিষয়ে BEPZA কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি সরেজমিনে তদন্তপূর্বক নিশ্চিত হইবেন এবং সংশ্লিষ্ট EPZ কর্তৃপক্ষের মহাব্যবস্থাপক এর স্বাক্ষরে আমদানিকৃত পণ্য চালান খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে পরিশিষ্ট-২ মোতাবেক একটি প্রতিবেদন সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর বরাবর প্রেরণ করিবেন:

তবে শর্ত থাকে যে, সর্বশেষ আমদানিকৃত পণ্য চালান খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে EPZ কর্তৃপক্ষ কর্তৃক পরিশিষ্ট-২ অনুযায়ী একটি প্রত্যয়নপত্র দাখিল করা সম্ভব না হইলে আমদানিকারক কর্তৃক যৌক্তিক কারণ উল্লেখপূর্বক আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস, প্রয়োজনে, অনধিক ৬ (ছয়) মাস পর্যন্ত উক্ত সময় বৃদ্ধি করিতে পারিবেন:

আরও শর্ত থাকে যে, কমিশনার কর্তৃক বর্ধিত সময়ের মধ্যেও EPZ কর্তৃপক্ষ কর্তৃক পরিশিষ্ট-২ অনুযায়ী একটি প্রতিবেদন সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর বরাবর প্রেরণ করিতে ব্যর্থ হইলে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি) বরাবর আবেদন করিতে পারিবে এবং উক্ত আবেদন পর্যালোচনায় যৌক্তিক মনে করিলে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), প্রয়োজনে, আরও অনধিক ১২ (বারো) মাস পর্যন্ত উক্ত সময় বৃদ্ধি করিতে পারিবেন:

আরও শর্ত থাকে যে, উক্ত ১২ (বারো) মাস সময়ের মধ্যে EPZ কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করিতে না পারিলে আমদানিকারকের আবেদনের পরিপ্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড, প্রয়োজনে, যুক্তিসংগত পরিমাণ সময় বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারিবেন।”।

২। এই প্রজ্ঞাপন ১ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।